

ঢাকা ওয়াসা

ক্রমিক নং-১
ক্রমিক নং-২
ক্রমিক নং-৩
ক্রমিক নং-৪
ক্রমিক নং-৫
ক্রমিক নং-৬

২০২৫-২০২৬ অর্থ বছরের অত্র জোনের অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার ফটোকপি।
পূর্বনুমোদিত দর।
পুরানা পল্টন এলাকা হতে প্রাপ্ত আবেদন পত্র।
১১০ মিমি ব্যাসের আন্তঃসংযোগের খসড়া নকশা।
প্রতিবেদন।
প্রাক্কলন।

বিষয়: Road Crossing Interconnection of 110 mm dia water-line at Culvert Road in front of Paltan Tower of DMA-615 under MODS Zone-6, Dhaka WASA.

অনুচ্ছেদ: ১.০ উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সংযুক্ত ক্রমিকগুলি সদয় দেখা যেতে পারে। মডস জোন-৬ এর আওতাধীন ঢাকা মহানগরীর অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং জনবহুল এলাকায় বিদ্যমান নেটওয়ার্ক এর মাধ্যমে সম্মানিত গ্রাহক হোল্ডিং এ পানি সরবরাহ করা হচ্ছে। অত্র জোনের অন্তর্গত ডিএমএ-৬১৫ এর অন্তর্গত সম্পূর্ণ পল্টন, নয়া পল্টন, বিজয়নগর ইত্যাদি এলাকায় বিভিন্ন রোডে অফিস সহ বহুতল ভবন অবস্থিত। বিগত দীর্ঘদিন যাবৎ উক্ত এলাকায় পানির স্বল্পতা বিরাজমান রয়েছে। উল্লেখ্য এলাকাটি অভিজাত বহুতল ভবন ও ঘনবসতিপূর্ণ এলাকা হওয়া সত্ত্বেও উক্ত এলাকার নিটবর্তী স্থানে অবস্থিত পানির পাম্প বিজয়নগর পানির পাম্প হতে উল্লেখ্য এলাকায় সরাসরি পানি সরবরাহ হয় না। পুরান পল্টন, পল্টন টাওয়ার সংলগ্ন, এরিস্টোফার্মার গলি ও তৎসংলগ্ন এলাকার পানি বিজয়নগর প্রধান সড়ক হয়ে ৭১ হোটেল এর গলি দিয়ে উক্ত এলাকায় প্রবেশ করে। এতে করে পল্টন টাওয়ার ও তৎসংলগ্ন এলাকা বিজয় নগর পানির পাম্প হতে খুবই সন্মিকটে হওয়া সত্ত্বেও বছরের অধিকাংশ সময় তারা পানির স্বল্পতা থাকে। চলতি শুষ্ক মৌসুমেও অত্র এলাকায় পানির স্বল্পতা বিরাজমান রয়েছে। সেপ্রেক্ষিতে পল্টন টাওয়ার এর সামনে একটি ১১০ মিমি ব্যাসের রোড ক্রসিং আন্তঃসংযোগ স্থাপন করা হলে উল্লেখ্য এলাকা সমূহে সরাসরি বিজয়নগর পানির পাম্প হতে পানি সরবরাহ হবে এবং পানির স্বল্পতা নিরসন হবে বলে আশা করা যায়।

অনুচ্ছেদ: ২ প্রস্তাবিত আলোচ্য ১১০ মিমি ব্যাসের পানির লাইন রোড আন্তঃসংযোগ কাজটি সম্পাদন করার লক্ষ্যে ঢাকা ওয়াসার রেন্ট সিডিউল, পিডাব্লিউডি-২০২২ (সংশোধিত) এর দর, DWSNIP প্রকল্পের দর, ইউটিলিটি শিফটিং প্রকল্পের দর ও সাভার কেরাণীগঞ্জ ওয়েলফিল্ড প্ল্যান্ট অনুমোদিত দর অনুযায়ী একটি প্রাক্কলন (সংযুক্তি-৬ সদয় দৃষ্টব্য) প্রস্তুত করা হয়েছে। প্রাক্কলনে পার্ট-এ বিভাগীয় মালমাল টাঃ ৩৮,৯৯১.০৩২/- (আটত্রিশ হাজার নয় শত একানব্বই দশমিক শূন্য তিন দুই), পার্ট-বি তে ঠিকাদারের মালমাল ও লেবার সরবরাহ বাবদ টাঃ ২,৯৭,২২৮.৫৪৮ (দুই লক্ষ সাতানব্বই হাজার দুই শত আটাত্ত দশমিক পাঁচ চার আট) যা "দরপত্র মূল্য" হিসেবে বিবেচ্য, পার্ট-সি তে রাস্তা খননের ক্ষতিপূরণ বাবদ টাঃ ১,৮৬,১২৭.৬৫০ (এক লক্ষ ছিয়াশি হাজার এক শত সাতাত্ত দশমিক ছয় পাঁচ শূন্য টাকা) যা ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনকে তিনটি আলাদা চেকে পরিশোধ করা (রাস্তা খননের ক্ষতিপূরণ চার্জ টাঃ ৮৬,৫৭১.০০০ + ১০০ % জামানত-টাঃ ৮৬,৫৭১.০০০ + ১৫% ভ্যাট-টাঃ ১২,৯৮৫.৬৫০) সহ সর্বমোট প্রাক্কলিত মূল্য দাঁড়িয়েছে টাঃ ৫,২২,৩৪৭.২৩০ (পাঁচ লক্ষ বাইশ হাজার তিন শত সাত চল্লিশ দশমিক দুই তিন শূন্য) টাকা মাত্র। উল্লেখ্য যে, আলোচ্য কাজের জন্য প্রয়োজনীয় পার্ট-এ-তে বিভাগীয় মালমাল মালামাল সমূহ কেন্দ্রীয় ভান্ডার বিভাগ, ঢাকা ওয়াসা অথবা মডস জোন-৬ এর বিভাগীয় উপ-ভান্ডার হতে সরবরাহ করা হবে। আলোচ্য কাজটির ব্যয়ভার চলতি ২০২৫-২০২৬ অর্থ বছরের অত্র বিভাগের অনুমোদিত সংশোধিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার পানির লাইন খাত (কোড নং-০২-০১-০০২) এর ক্রমিক নং-এ.১.৯.৯ এবং রাস্তা খননের ক্ষতিপূরণ চার্জ থোক বরাদ্দ ক্রমিক নং-এ.১.১২.১২ হতে ব্যয় নির্বাহ করা হবে। আলোচ্য ক্রয় বাস্তবায়নে Procuring Entity হিসেবে Executive Engineer, MODS Zone-6, Dhaka WASA কে রাখা হয়েছে। উল্লেখ্য যে, আলোচ্য কাজের চুক্তি বাস্তবায়ন কাজসমূহ Executive Engineer, MODS Zone-6, Dhaka WASA কর্তৃক সম্পাদিত হবে। DoFP অনুযায়ী বর্ণিত কাজের অনুমোদনকারী হলেন "তত্ত্বাবধায়ক প্রকৌশলী, মডস সার্কেল-১" মহোদয়।

অনুচ্ছেদ: ৩ এমতাবস্থায় Road Crossing Interconnection of 110 mm dia water line at Culvert Road in front of Paltan Tower of DMA-615 under MODS Zone-6, Dhaka WASA শীর্ষক পানির লাইন আন্তঃসংযোগ কাজটি বাস্তবায়নের জন্য নিম্ন লিখিত প্রস্তাব সমূহ অনুমোদন করা যেতে পারে, যা "তত্ত্বাবধায়ক প্রকৌশলী" মহোদয়ের আওতাধীন:

ক) প্রস্তাবিত ১১০ মিমি ব্যাসের রোড ক্রসিং পানির লাইন আন্তঃসংযোগ কাজটি বাস্তবায়নের জন্য প্রশাসনিক ও কারিগরি অনুমোদন।

খ) আলোচ্য কাজটি বাস্তবায়নের জন্য উপস্থাপিত প্রাক্কলনে পার্ট-এ বিভাগীয় মালমাল টাঃ ৩৮,৯৯১.০৩২/- (আটত্রিশ হাজার নয় শত একানব্বই দশমিক শূন্য তিন দুই) যা বিভাগীয় ভাবে সরবরাহ করা, পার্ট-বি তে ঠিকাদারের মালমাল ও লেবার সরবরাহ বাবদ টাঃ ২,৯৭,২২৮.৫৪৮ (দুই লক্ষ সাতানব্বই হাজার দুই শত আটাত্ত দশমিক পাঁচ চার আট) যা "দরপত্র মূল্য" হিসেবে বিবেচ্য এবং পার্ট-সি তে রাস্তা খননের ক্ষতিপূরণ বাবদ টাঃ ১,৮৬,১২৭.৬৫০ (এক লক্ষ ছিয়াশি হাজার এক শত সাতাত্ত দশমিক ছয় পাঁচ শূন্য টাকা) সহ সর্বমোট টাঃ ৫,২২,৩৪৭.২৩০ (পাঁচ লক্ষ বাইশ হাজার তিন শত সাত চল্লিশ দশমিক দুই তিন শূন্য) টাকা মূল্যের প্রাক্কলনটির প্রশাসনিক, অর্থিক ও কারিগরি অনুমোদন।

-০২/০২/২০২৫

গ) আলোচ্য কাজটি বাস্তবায়নের জন্য উপস্থাপিত সর্বমোট টাঃ ৫,২২,৩৪৭.২৩০ (পাঁচ লক্ষ বাইশ হাজার তিন শত সাত চল্লিশ দশমিক দুই তিন শূন্য) প্রাক্কলনের ভিতর পাট-সি তে রাস্তা খননের ক্ষতিপূরন বাবদ টাঃ ১,৮৬,১২৭.৬৫০ (এক লক্ষ ছিয়াশি হাজার এক শত সাতাশ দশমিক ছয় পাঁচ শূন্য টাকা) যা ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন কর্তৃক ডিমাল্ড নোট এর মাধ্যমে মেয়র/প্রশাসক প্রেরন করার প্রশাসনিক, কারিগরী ও অর্থিক অনুমোদনসহ চেকের মাধ্যমে বা নগদ মূল্য অনুমোদিত চালানের মাধ্যমে তিনটি ভিন্ন ভিন্ন চেকের মাধ্যমে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন বরাবর জমা দানের সদয় অনুমোদন দেয়া যেতে পারে।

ঘ) আলোচ্য কাজটি বাস্তবায়নের জন্য উপস্থাপিত সর্বমোট টাঃ ৫,২২,৩৪৭.২৩০ (পাঁচ লক্ষ বাইশ হাজার তিন শত সাত চল্লিশ দশমিক দুই তিন শূন্য) প্রাক্কলনের ভিতর পাট-বি তে উপস্থাপিত ঠিকাদারের মালমাল ও লেবার সরবরাহ বাবদ টাঃ ২,৯৭,২২৮.৫৪৮ (দুই লক্ষ সাতানব্বই হাজার দুই শত আটাত্ত দশমিক পাঁচ চার আট) টাকা মাত্র প্রাক্কলনটি "দরপত্র মূল্য" হিসেবে প্রশাসনিক, অর্থিক ও কারিগরী অনুমোদন।

ঙ) বর্ণিত কাজটি STD অনুযায়ী PPA-2006, PPR-2025 এর ৯০ (১) বিধি মোতাবেক কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (RFQ) পদ্ধতি অনুসরণ করে ই-জিপি তে দরপত্র আহ্বান করে কার্য সম্পাদনের সদয় অনুমোদন।

আলোচ্য কাজটি "তত্ত্বাবধায়ক প্রকৌশলী" মহোদয়ের অনুমোদনের আওতাধীন যা, সবনিয়ে পেশ করা হ'ল।

Sandip
17.05.26.
সন্দীপ সূত্রধর
উপ-সহকারী প্রকৌশলী
মডুস জোন-৬
ঢাকা ওয়াশা।

AB
17/05/26
কাজী আবু রহমান
সহকারী প্রকৌশলী
মডুস জোন-৬
ঢাকা ওয়াশা।

EE
19.05.26
মোঃ আবুজাল হোসেন
নির্বাহী প্রকৌশলী
মডুস জোন-৬, ঢাকা ওয়াশা।

SE M/05-1

৪। দ্রুত অনুমোদিত।

fm
20/05/26
মোঃ ফিরোজ আলম
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
মডুস সার্কেল-১, ঢাকা ওয়াশা।